28 MAY 2017

দৈনিক
আমাদের সময়

# রাজশাহীতে পিটিআই শিক্ষকদের বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ●
রাজশাহীতে প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের (পিটিআই) সহকারী সুপারের অনিয়ম, শিক্ষকদের সঙ্গে খারাপ আচরণের প্রতিবাদে বিক্ষোভ ও ক্লাসবর্জন করেছেন শিক্ষকরা। গতকাল শনিবার সকাল ১০টার দিকে তারা এ কর্মসূচি শুরু করেন।

আন্দোলনরত কয়েকজন শিক্ষক জানান, সহকারী সুপার সেফালী বানু প্রশিক্ষণের নামে ব্যাপক অনিয়মের সঙ্গে জড়িয়ে পড়েছেন। এরই প্রতিবাদ করলে শিক্ষকদের সঙ্গে তিনি নানাভাবে দুর্ব্যবহার করেন। শিক্ষকদের সঙ্গে অব্যাহত খারাপ আচরণের কারণে ক্ষুব্ধ হয়ে তারা সকাল থেকে ক্লাসবর্জন করে পিটিআইয়ের সামনে রাস্তায় অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন।

শিক্ষকরা সহকারী সুপার সেফালী বানুর বদলি না হওয়া পর্যন্ত তারা আন্দোলন থেকে সরে আসবেন না বলে জানিয়েছেন। তারা আরও জানান, জানুয়ারি থেকে ২৩০ শিক্ষক পিটিআইয়ে প্রশিক্ষণ নিচ্ছেন। মোট এক বছরের এই প্রশিক্ষণের শুরু থেকেই সহকারী সুপার সেফালী বানু নানাভাবে অনিয়ম করে আসছেন। এ ব্যাপারে সহকারী সুপার সেফালী বানুর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি. এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে